থাকার কোন অর্থ হয় না। Why should I drag on this miserable existence any more? Why should I?

মনোমোহন। বাঃ—বাঁচতে হবে বই কি আপনাকে—we cannot afford to lose a genius like you.

মধু। But the genius is dead long ago. আমি এখন তার প্রেতাত্মা—genius in another sense of the word! A dead volcano.

মনোমোহন। কি যে বলেন আপনি!

মধু। ঠিকই বলছি—আমার বেঁচে থাকার আর কোন সার্থকতা নেই। ( একটু পরে ) অনেক আগেই আমার মরে যাওয়া উচিত্ ছিল।

মনোমোহন। কেন?

মধু। 'সধবার একাদশী' পড়েছ? দীনবন্ধু has become popular at my cost! By the bye, where is বঙ্কিম? He is the coming light—I would like to see him.

মনোমোহন। দীনবন্ধুর কথা আপনি যা বলছেন তা ঠিক নয়। সধবার একাদশীর নিমচাঁদ যে আপনি তা কে বললে?

মধু। কে আবার বলবে! Am I a fool?

মনোমোহন। না, না, ওটা আপনার ভুল। দীনবন্ধু নিজে সে কথা অস্বীকার করেছেন। বলেছেন মধু কি কখনও নিম হয়?

মধু। দেখ ভাই, আমিও কিছুদিন আগে 'একেই কি বলে সভ্যতা' লিখেছি এবং আমিও ব্যক্তিবিশেষকেই লক্ষ্য ক'রে লিখেছি। But do you think I would admit it publicly? Certainly not! আমি দীনবন্ধুর ওপরে রাগ করি নি—I appreciate the satire—I admit he has got a powerful pen—but still it hurts! কেমন আছে সে আজকাল? শুনেছিলাম সে-ও অসুস্থ—

মনোমোহন। তাঁর ডায়াবিটিস হয়েছে শুনেছি।

কিছুক্ষণ উভয়েই নীরব রহিলেন

মধু। (সহসা) আমি কি সত্যিই নিমে দত্তের মত?

মনোমোহন। Far from it! ভবিষ্যৎ যুগের লোকেরা আপনার লেখাগুলোই পড়বে—আপনাকে ত আর দেখতে পাবে না এইটেই দুঃখ। I wonder how your biographers will paint you.

মধু। আমার চরিত্রের মধ্যে প্রশংসা করবার মত কিছুই নেই—I am reckless, tactless, thoughtless and everything-less!

মনোমোহন। বলেন কি! এক বিদ্যাসাগর ছাড়া আপনার মত মহানুভব লোক ত আমি আর দেখি নি!

মধু। You are a darling মনু। But don't try to delude me. I understand you and thank you.

মনোমোহন। This is no delusion. I have seen it with my own eyes যে, আপনার দারুণ অভাবের সময় আপনি মুঠো মুঠো টাকা দান করেছেন—গরীব মক্কেলের কাছ থেকে এক পয়সা ফি নেন নি—চক্ষুলজ্জার খাতিরে বড়লোক মক্কেলের কাছ থেকেও নেন নি! এই সেদিনও নিতান্ত অভাবের মধ্যেও আপনি আপনার পাঠশালার পণ্ডিতকে কুড়িটা টাকা স্বচ্ছন্দে দিয়ে দিলেন। যখন দ্বারকাবাবু হাইকোর্টের Justic হলেন—everybody became jealous—but you becamee overjoyed and gave a grand dinner. কাল হুগলী জেজুরগাঁয়ের রাধাকিশোর ঘোষের সঙ্গে দেখা হয়েছিল—তিনি আপনার কথা বলছিলেন—

মধু। কি বলছিলেন?

মনোমোহন। বলছিলেন—সেবার অত খেটেখুটে আমার মোকদ্দমাটা

করলেন উনি—কিন্তু ফি দিতে গেলাম কিছুতেই নিলেন না। অনেক ধরাধরি করাতে শেষটা বললেন—নিতান্তই যদি কিছু দিতে চাও —একটা Burgundy, half a dozen beer আর একশ মালদহের আম পাঠিয়ে দিও। সেদিন এক বামুন সখী-সংবাদ গান শুনিয়ে আপনার কাছে কাজ আদায় করে নিয়ে গেল! Are these not facts?

মধু। ব্রাহ্মণ গেয়েছিল কিন্তু সুন্দর। সখী-সংবাদের অমন গান বড় একটা শোনা যায় না।

মনোমোহন। আপনার মত লোকের কখনও টাকা হতে পারে!

মধু। আমি ত টাকা চাই না—আমি সুখে থাকতে চাই। কিন্তু এ জীবনে তা আর হ'ল না—কেমন যেন গোলমাল হয়ে গেল।

মনোমোহন। সব হবে আবার—আপনি একটু সামলে উঠুন। বৌদি কোথা? ছেলেরা কোথা?

মধু। ছেলেরা বাইরে গেছে—they have gone to Floyd. তোমার বৌদির জ্বর। ডাক্তার পামারকে খবর দিতে পার?

মনোমোহন। নিশ্চয় পারি! খুব বেশী জ্বর নাকি? কোথায় আছেন তিনি?

মধু। পাশের ঘরেই আছে—যাও না দেখে এস—তোমার সঙ্গে ত কোন formality নেই। বয়টাকে ডেকে একটা খবর দিয়ে—যাও—

মনোমোহন ভিতরের দিকে গেলেন।

নেপথ্যে বয় বয় ডাক শোনা গেল! মধুসূদন আবার খানিকটা মদ্যপান করিলেন ও ইন্‌ফার্নো'খানার পাতা উলটাইতে লাগিলেন। সহসা গোবর্দ্ধন দত্ত নামক এক ব্যক্তি আসিয়া প্রবেশ করিলেন। ইনি একজন পাওনাদার।

গোবর্দ্ধন। নমস্কার দত্ত সাহেব!

মধু। একি, গোবর্দ্ধন যে! এস।

গোবর্দ্ধন। আপনার চাকরটা ঢুকতেই দেয় না—এ ত এক মুস্কিল! সে ভেতরে যেতেই ঢুকে পড়লাম আমি! আপনার অসুখ নাকি?

মধু। হ্যাঁ—ভাল নেই শরীরটা। তারপর খবর কি?

গোবর্দ্ধন। খবর ভালই।

মধু। দিগম্বর ভাল আছে?

গোবর্দ্ধন। আজ্ঞে হ্যাঁ, (একটু ইতস্তত করিয়া) টাকাটার কোন ব্যবস্থা হ'ল?

মধু। কিচ্ছু হয় নি।

গোবর্দ্ধন। অনেক দিন ধরে পড়ে রয়েছে টাকাটা—

মধু। (সহাস্থে) এই সমস্ত ফার্নিচারই ত তুমি দিয়েছিলে—না?

গোবর্দ্ধন। আজ্ঞে হ্যাঁ।

মধু। এইগুলোই তুলে নিয়ে যাও and release me! ওই bust-গুলোও নিয়ে যাও—অনেক দাম দিয়ে বিলেত থেকে কিনে এনেছিলাম এগুলো—ওই বইগুলোও—সব নিয়ে যাও—সব নিয়ে যাও—কিছু টাকা তবু তোমার উশুল হবে। চুপ ক'রে দাঁড়িয়ে আছ যে? Take them all!

গোবর্দ্ধন। (সঙ্কুচিত হইয়া) আজ্ঞে সে কি হয়! টাকা হলে দেবেন এখন পরে। আমি শুধু এমনি খবর নিতে এসেছিলাম। যাই তা হলে—নমস্কার!

গমনোদ্যত

মধু। ওহে—শোন শোন—আমার কতকগুলো অপ্রকাশিত কবিতা আছে। নেবে? নাও ত দিতে পারি। বিক্রি করলে কিছু পেতে পার!

গোবৰ্দ্ধন। আজ্ঞে না। টাকা যখন হয় দেবেন। আপনি ব্যস্ত হবেন না ওর জন্যে—

চলিয়া গেলেন।

মধু। অনুগ্রহ! গোবৰ্দ্ধনের মত লোকও অনুগ্রহ করতে আরম্ভ করেছে আমাকে! O God, how long am I to suffer this? O Almighty God in Heaven—please end my miseries!

মনোমোহন ঘোষ পুনঃপ্রবেশ করিলেন।
তাঁহার হস্তে একখানি কাগজ—

মনোমোহন। আচ্ছা, আপনি এ কি কাণ্ড আরম্ভ করেছেন বলুন দেখি!

মধু। কি?

মনোমোহন। আপনি এ কবিতা লিখেছেন কেন? বৌদিদি এই কবিতাটি পড়ছিলেন আর কাঁদছিলেন! ছি, ছি, ভারি অন্যায় আপনার!

মধু। কি কবিতা?

মনোমোহন। এই যে—এটা নাকি আপনার ওয়েস্‌ট পেপার বাস্কেটে পড়েছিল—শৰ্ম্মিষ্ঠা কুড়িয়ে পেয়েছে।

মধু। কই দেখি! আজকাল কোথায় যে কি ফেলি মনে থাকে না আমার! অথচ I had a powerful memory once! রেভারেণ্ড গোপাল মিত্তিরের গ্রীক বইখানা এনে কোথায় যে হারালাম! কি কবিতা দেখি!

মনোমোহন। এই দেখুন—

কবিতাটি মধুসূদনকে দিলেন

মধু। ও—এটা waste paper basket-এ ছিল! অথচ আমি এটা চতুৰ্দ্দিকে খুঁজছি। পড় ত কবিতাটা—read it aloud.